



বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল , অস্ট্রেলিয়া শাখা

(ইন্ক- ৯৮৮১৪৫৯)

বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল- অস্ট্রেলিয়া শাখার প্রতিবাদ সভা

গত ২৯/০৮/২০১০ ইং তারিখ রোজ রবিবার সিডনীস্থ ম্যাট্রিভিল পাবলিক স্কুল অডিটোরিয়ামে বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল- অস্ট্রেলিয়া শাখার উদ্যোগে একটি প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতি করেন জাতীয়তাবাদী যুবদল- অস্ট্রেলিয়া শাখার ভারপ্রাপ্ত সভাপতি জনাব মোঃ আবুল হাছানের। সভায় বক্তারা প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে কটাক্ষ করে কুরুচিপূর্ণ বক্তব্য দেয়ার জন্য কঠোর নিন্দা ও প্রতিবাদ জানান। সভায় বিএনপি'র সিনিয়র ভাইস প্রেসিডেন্ট জনাব তারেক রহমান ও খালেদা জিয়ার ছোট ছেলে আরাফাত রহমান কোকোকে আওয়ামী বাকশালী চক্রের সুদূর প্রসারী চক্রান্ত ও ষড়যন্ত্রের অংশ হিসাবে বিভিন্ন মিথ্যা মামলায় জড়ানোর প্রতিবাদ ও উক্ত ঘটনা চক্রান্ত বন্ধ করার জন্য জোড় প্রতিবাদ জানানো হয়।

এছাড়াও বিএনপি মহাসচিব জনাব. খন্দকার দেলোয়ার হোসেন, স্থায়ী কমিটির সদস্য ব্যারিস্টার রফিকুল ইসলাম মিয়া, ভাইস চেয়ারম্যান মোঃ মোয়াজ্জেম হোসেন, আমারদেশ পত্রিকার ভারপ্রাপ্ত সম্পাদক জনাব মহম্মদুর রহমান, এবং বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের সভাপতি জনাব সৈয়দ মোয়াজ্জেম হোসেন আলাল ও সিনিয়র সহসভাপতি এড. আব্দুস ছালাম সহ সকল নেতা কর্মীর মিথ্যা মামলা অবিলম্বে প্রত্যাহারের আহ্বান জানানো হয়। এছাড়া ও বর্তমান আইনশৃঙ্খলা, চাঁদাবাজী, ঘুস, হত্যা ঘুম লাগামহীন ভাবে বেড়ে যাওয়ায় গভীর উত্বেগ প্রকাশ করা হয় এবং সরকার এসকল কার্যক্রম বন্দ না করলে এর বিরুদ্ধে অস্ট্রেলিয়া থেকে আন্দোলন শুরু করা হবে বলে হুঁশিয়ারী দেন।

উপরোক্ত আলোচনা সভায় বক্তব্য রাখেনঃ জনাব মনিরুল হক জর্জ- প্রাক্তন সভাপতি, বিএনপি, অস্ট্রেলিয়া, ও আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক, বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল, ডাঃ আব্দুল ওয়াহাব বকুল- সভাপতি, বিএনপি, অস্ট্রেলিয়া। জনাব মোঃ ফজলুল হক সফি- সাধারণ সম্পাদক বিএনপি, অস্ট্রেলিয়া, ডাঃ জহিদুল ইসলাম- প্রাক্তন সাধারণ সম্পাদক বিএনপি, অস্ট্রেলিয়া, এড. মোবারক হোসেন- সাবেক সাধারণ সম্পাদক যুবদল, অস্ট্রেলিয়া মোঃ সেলিম লকিয়াত- সহ সভাপতি যুবদল, অস্ট্রেলিয়া, মোঃ মাসুদুর রহমান, সাংগঠনিক সম্পাদক যুবদল, অস্ট্রেলিয়া, ও মিজান প্রমুখ।

উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন যুবদল, অস্ট্রেলিয়া শাখার সাধারণ সম্পাদক জনাব : মোহাম্মদ আব্দুল মতিন (উজ্জল)।

(মোহাম্মদ আব্দুল মতিন (উজ্জল))

সাধারণ সম্পাদক, জাতীয়তাবাদী যুবদল- অস্ট্রেলিয়া।